



# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭-৮১, ৮৮১১৬৬৬৫, হট লাইন: ১৬১১৯।

Fax: 88-02-9131581, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন  
টেকসই শিল্পায়ন

স্মারক নং-৩৬.০৫.০০০০.৩০২.৩৩.০০৫.২৪ / ২৩৩ (৩)

তারিখ: ১১.০১.২০২৪ খ্রিঃ

প্রাপক,  
উপপরিচালক (মেট) ও অফিস প্রধান  
বিএসটিআই বিভাগীয় অফিস  
আগ্রাবাদ, চট্টগ্রাম।

বিষয় : ফর্টিফাইড এডিবল সান ফ্লাওয়ার অয়েল পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মেসার্স স্কয়ার ফুড এন্ড বেভারেজ লিঃ, মেরিল রোড, শালগাড়িয়া, সদর, পাবনা কর্তৃক তুরস্ক হতে এলসি নং ১৫৪৬২৩০১০৩৩১, তারিখ: ১১.০৬.২০২৩ খ্রিঃ, বিল অব এন্ট্রি নং-সি-১৭৫৯২০৪, তারিখ: ১৩-১১-২০২৩ এর মাধ্যমে আমদানিকৃত ফর্টিফাইড এডিবল সান ফ্লাওয়ার অয়েল (ব্রান্ড: Radhuni) পণ্যটি পরীক্ষায় নিম্নমানের পাওয়ায় আপনার কর্তৃক ছাড়পত্র প্রদান প্রত্যাখ্যান করা হয়।

এ প্রেক্ষিতে আমদানিকারক প্রতিষ্ঠানটি পত্রের মাধ্যমে জানান যে, ভিটামিন 'এ' পরীক্ষায় অকৃতকার্য হওয়ায় মেসার্স এম এম ভেজিটেবল অয়েল প্রোডাক্টস লি., ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম নামীয় প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিডিএস মান অনুযায়ী ভিটামিন 'এ' সংযোজনের জন্য চুক্তিবদ্ধ হয়েছে। সংশ্লিষ্ট রিফাইনারী হতে বিডিএস মান অনুযায়ী ভিটামিন 'এ' সংযোজনের পরে বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম হতে পুনরায় নমুনা পরীক্ষণপূর্বক চূড়ান্ত ছাড়পত্র গ্রহণের শর্তে সাময়িক ছাড়পত্র প্রদানের সিদ্ধান্ত বিএসটিআই কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। উল্লেখ্য, আমদানিকারক পরবর্তী পরীক্ষণ সংক্রান্ত যাবতীয় ফি বহন করবে এবং পণ্যে ভিটামিন 'এ' ফর্টিফিকেশনের বিষয়টি পরীক্ষায় নিশ্চিত হয়ে চূড়ান্ত ছাড়পত্র প্রদানকালে প্রধান কার্যালয়কে অবশ্যই অবহিত করতে হবে।

এমতাবস্থায়, 'ভিটামিন 'এ' যুক্ত করেছে এ নিশ্চয়তা প্রধান কার্যালয়কে অবহিত করেই পণ্য বাজারজাত করতে হবে' এই শর্তে ভিটামিন 'এ' সংযোজনের জন্য সাময়িক ছাড়পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ রিয়াজুল হক)  
উপরিচালক (সিএম)

অনুলিপি:

- ০১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, চট্টগ্রাম।
- ০২। পরিচালক (সিএম), বিএসটিআই, ঢাকা।
- ০৩। মেসার্স স্কয়ার ফুড এন্ড বেভারেজ লিঃ, মেরিল রোড, শালগাড়িয়া, সদর, পাবনা।
- ০৪। পিএ টু মহাপরিচালক (গ্রেড-১), বিএসটিআই, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)